

## ত্রয়োদশ পরিচ্ছেদ দারিদ্র্য বিমোচন

তেরো কোটি মানুষের এ দেশে দারিদ্র্য যে সবচেয়ে উদ্বেগের বিষয় তাতে কেউ দ্বিমত পোষণ করেন না। তাই সংগত কারণেই বাংলাদেশ সরকারের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন প্রয়াসের অন্যতম প্রধান লক্ষ্যই দারিদ্র্য বিমোচন। দারিদ্র্য একটি বহুমাত্রিক বিষয় যা একই সাথে স্থিতি (Status) ও প্রক্রিয়াকে বুঝায় (process-redirecting of resources for pro-poor growth)। গত তিন দশকের প্রয়াসে দারিদ্র্য পরিস্থিতির প্রকটতা হ্রাস পেলেও এখনও এর ব্যাপকতা ও গভীরতা উদ্বেগজনক। দেশের সম্পদ পরিস্থিতির সীমাবদ্ধতায় এ সমস্যা মোকাবেলা বিরাট একটি চ্যালেঞ্জও বটে। এ কারণে দারিদ্র্য বিমোচনকে দেশের উন্নয়ন পরিকল্পনায় সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে এবং এ লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের যৌথ উদ্যোগ গ্রহণ, বিশেষ করে এনজিওদের কর্মকাণ্ডে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানকে সরকার মৌল কৌশল হিসাবে গ্রহণ করেছে। জাতিসংঘ ঘোষিত 'Millennium Development Goals' -এর প্রেক্ষাপটে সরকার 'প্রবৃদ্ধি, দারিদ্র্য নিরসন এবং সামাজিক উন্নয়নের জাতীয় কৌশল' (A National Strategy for Economic Growth, Poverty Reduction And Social Development) শীর্ষক একটি জাতীয় কৌশলপত্র প্রণয়ন করেছে যা I-PRSP নামে খ্যাত। পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগে জাতীয় দারিদ্র্য ফোকাল পয়েন্ট স্থাপন করা হয়েছে যার প্রধান কাজ হবে ডিসেম্বর, ২০০৪-এ I-PRSP চূড়ান্তকরণ এবং দারিদ্র্য নিরসন কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন। এই কৌশলপত্রের ভিত্তিতে বর্তমানে প্রণয়ন করা হচ্ছে মধ্য মেয়াদী আর্থ-সামাজিক পরিকল্পনা (The Medium Term Plan for Economic and Social Development) ও ত্রিবার্ষিক 'আবর্তক বিনিয়োগ কর্মসূচি' (Rolling Investment Programme) যা হবে বর্তমান সরকারের উন্নয়ন পরিকল্পনার ভিত্তি।